



শিক্ষাতন্ত্র

ছাত্র জীবনে নিয়মানুবর্তিতা

বিশ্ব প্রকৃতি একটা নিয়মের অধীনে পরিচালিত। আকাশ-পাতালের জানা-অজানা গ্রহ-নক্ষত্র থেকে শুরু করে ক্ষুদ্র পিপড়া পর্যন্ত একটা নিয়মের বন্ধনে পরিচালিত। মানব জীবনে তার কোন ব্যতিক্রম নেই। শিক্ষা মানুষকে সুনিয়ন্ত্রিত জীবনে আনার জন্য যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। কাজেই নিয়মানুবর্তিতা শিক্ষার একটি অপরিহার্য অঙ্গ।

ছাত্র জীবনে নিয়মানুবর্তিতার আবশ্যিকতা অপরিহার্য। কারণ, আজকের এ ক্ষুদ্র ছাত্রই আগামী দিনে দেশ ও জাতির কল্যাণে নেতৃত্ব দেবে। সেই দায়িত্ব পালন করতে হলে এখন থেকেই প্রত্যেক

নাগরিকের নিয়মানুবর্তিতা মেনে চলতে হবে। যার নিয়ম-কানূনের প্রতি শ্রদ্ধা নেই তিনি সুনাগরিক নন। আর তার উপর দেশের গুরুদায়িত্ব দেয়ার কোন প্রশ্নই উঠতে পারে না। যিনি নিয়ম-কানূনের কাছাকাছি নন, তিনি দেশ ও জাতি বা সমাজের কাছে ঘৃণিত ব্যক্তি। জীবনে কোন কাজে সফলতা অর্জন তার পক্ষে সম্ভব নয়। কর্মজীবনের জন্য প্রস্তুতি গ্রহণে উৎকৃষ্ট ও শ্রেষ্ঠতম সময় হল ছাত্র জীবন। কতগুলো সুনির্দিষ্ট নিয়ম-কানুন একনিষ্ঠতার সাথে পালন করে সুস্থ দেহ ও মনের সুষ্ঠু বিকাশ সাধন করতে হয় ছাত্র জীবনে। পড়াশুনায় ছাত্রকে বিদ্যালয়ের নিয়ম-কানুন পরিপূর্ণভাবে পালন করতে

দৈনিক ও মানসিক উন্নতির জন্য তাই

তার নিয়মমাফিক কাজ করা অত্যাবশ্যিক। সর্বোপরি নিয়ম ও শৃঙ্খলা মেনেই প্রত্যেক ছাত্র-ছাত্রীকে চরিত্র গঠন করতে হয়।

বাস্তব কর্মজীবনে প্রবেশ করলে ছাত্র-ছাত্রীদের জীবনের প্রস্তুতি ভবিষ্যত জীবনে প্রতিটি কাজে সহায়তা করে থাকে। রাষ্ট্রীয়, সামাজিক, ধর্মীয় ও পারিবারিক জীবনে ছাত্র জীবনের প্রস্তুতিকে মূলধন করে সবাই আপন আপন কর্মকাণ্ডে সফলতার সাথে অগ্রসর হতে পারে। ভবিষ্যতে ব্যবসায় প্রতিষ্ঠান ও কৃষি কাজে সফলতা এবং ব্যক্তিগত পেশায় কৃতকার্যতা লাভের জন্য প্রয়োজন ছাত্র জীবন থেকেই প্রতিটি ক্ষেত্রে নিয়মানুবর্তিতার সাথে কাজ করা।

কাজেই শিক্ষার জন্য শিক্ষার্থীর

জীবনে বেশ কিছু নিয়ম-কানুন অতি নিষ্ঠুর সাথে পালন করা অবশ্যই দরকার। যে কোন বিষয়ে শিক্ষা গ্রহণ করার সময় একাগ্র মনোযোগ প্রয়োজন। সর্বোপরি শিক্ষকের প্রতি শ্রদ্ধাবোধ না থাকলে কোন শিক্ষার্থী সফলতা অর্জন করতে পারে না। কারণ, শ্রদ্ধাবানেরাই প্রকৃত জ্ঞান অর্জন করে থাকে। তাই ছাত্র জীবনে শিক্ষকদের প্রতি যথোচিত সম্মান ও শ্রদ্ধা প্রদর্শন করা অপরিহার্য কর্তব্য। ইসলামে এ কর্তব্য পালনের জন্য কঠোর নির্দেশ রয়েছে। সুতরাং ছাত্র জীবনকে সুন্দরভাবে গড়ে তোলার জন্য ছাত্র জীবনের জন্য অবশ্য করণীয় দায়িত্বসমূহ সুচারুরূপে পালন করতে হবে।

—শামীম আজাদ, আনোয়ার